# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**16 AUGUST 2025 7:35—7:40**

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্বের বিভিন্ন দেশের নেতাদের ভারতের স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জ্ঞাপন করার জন্য তাঁদেরকে আন্তরিক ধন্যবাদ জানান । সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি ইজরায়েল এবং মালদ্বীপসের প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান । প্রধানমন্ত্রী ফ্রান্স ভুটান ইত্যাদি দেশের প্রেসিডেন্টের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন ।

---

রাজ্যে বিগত চার বছরে ১১ হাজারেরও অধিক উগ্রপন্থী হিংসার পথ ত্যাগ করে সমাজের মূল স্রোতে ফিরে এসেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা গতকাল গৌহাটীর খানাপারা পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে কেন্দ্রীয়ভাবে আয়োজিত স্বাধীনতা দিবসের কার্যসূচীতে পতাকা উত্তোলন করে ভাষণপ্রসঙ্গে একথা জানান । তিনি বলেন যে ২০২১ সাল থেকে ১১ হাজারেরও অধিক নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্যকে পুর্নবাসন দেওয়া হয়েছে । মূখ্যমন্ত্রী তাঁর ভাষণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আসামের উন্নয়নের ক্ষেত্রে প্রদান করা সহযোগীতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন । আসামকে দেশের তৃতীয় দ্রুত বিকাশশীল রাজ্য হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে সরকার গৃহীত পদক্ষেপগুলির বিষয়েও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । উন্নয়নের ক্ষেত্রে ২০২০-২১ সালের তুলনায় ২০২৪-২৫ বর্ষে রাজ্যের মোট ঘরোয়া উৎপাদন ১১৩ শতাংশ বৃদ্ধি হয়েছে বলে তিনি উল্লেখ করেন । আইন শৃঙ্খলার ক্ষেত্রে রাজ্যের সুস্থির পরিবেশ সৃষ্টি হবার কথা উল্লেখ করেন তিনি । নিযুক্তির ক্ষেত্রে মাইলফলক হিসেবে ১ লক্ষ ২১ হাজারেরও অধিক যুবক যুবতীকে স্বচ্ছতার ভিত্তিতে নিযুক্তি দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন । রাজ্যের জনকাঠামোর ক্ষেত্রে সৃষ্টি হওয়া সমস্যা দূর করতে আসাম সরকারের চালানো উচ্ছেদ অভিযানের প্রসঙ্গও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে ৭৯ তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে ।

শিলচরে জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে জেলা প্রশাসনের মূল অনুষ্ঠানে গতকাল জাতীয় পতাকা উত্তোলন করেন রাজ্যের খনি ও খনিজ তথা বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ।পুলিশ বেটেলিয়ন , জেলা পুলিশ ,সি আর পি এফ ,হোম গার্ড ,এন সি সি ,স্কাউট-গাইড এবং বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের অভিবাদন গ্রহণ করেন । এছাড়া জেলার বিভিন্ন জেলার নানা সংস্থা ও সংগঠন নানা কার্যসূচীর মাধ্যমে গতকাল স্বাধীনতা দিবস পালন করেছে ।

হাইলাকান্দির নেতাজি সুভাষ চন্দ্র বসু ষ্টেডিয়ামে গতকাল কেন্দ্রীয়ভাবে আয়োজিত স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন জাতীয় পতাকা উত্তোলন করেন এবং গৃহরক্ষী বাহিনী , এন সি সি , স্কাউট গাইড ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কুচকাওয়াজ পরিদর্শন করেন ও অভিবাদন গ্রহণ করেন ।এছাড়া জেলার বিভিন্ন সংস্থা সংগঠন নানা কার্যসূচীর মাধ্যমে স্বাধীনতা দিবস পালন করেছে ।অনুন্নত লোক উন্নয়ন প্রতিনিধিত্ব সোসাইটির হাইলাকান্দি জেলা কমিটি এবং স্বেচ্ছাসেবী সংগঠন ডঃ বি আর আম্বেদকর ডাউনট্রোডেন পিপলস রিপ্রেসেন্টেশন সোসাইটির হাইলাকান্দি জেলা শাখার যৌথ উদ্যোগে গতকাল ডঃ বি আর আম্বেদকর ভবনে স্বাধীনতা দিবসের পতাকা উত্তোলন করা হয় । এছাড়া এই দিবসের তাৎপর্য সম্পর্কে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া পশ্চিম হাইলাকান্দির ভাটিরকুপা প্রথম খন্ডের মতিউর রহমান চৌধুরী হাইস্কুল , কদমছড়া ট্রাইবেল স্কুল , বাঁশবাড়ী এম ই স্কুল ইত্যাদিতে স্বাধীনতা দিবস পালিত হয়েছে ।লালপানি গ্রাম পঞ্চায়েত এবং লালপানি বহুমুখী সমবায় সমিতির যৌথ ব্যবস্থাপনায় স্বাধীনতা দিবস পালন করা হয়েছে ।

শ্রীভূমির সরকারি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন রাজ্যের পূর্ত , মৎস্য পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ।এরপর তিনি কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন ।

---

নাগালেন্ডের রাজ্যপাল লা গণেশন গতকাল সন্ধ্যা সাড়ে ৬টায় চেন্নাইয়ের একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮০ ।প্রবীণ বিজেপি নেতা লা গণেশন ২০২৩ সালের ফেব্রুয়ারী মাসে নাগালেন্ডের রাজ্যপাল হিসেবে দ্বায়িত্ব গ্রহণ করার পূর্বে তিনি মণিপুর এবং পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসেবেও কার্যনির্বাহ করেছিলেন ।আজ সন্ধ্যা ৫ টায় চেন্নাইয়ে তাঁর শেষকৃত্য সম্পন্ন করা হবে ।

---

সমগ্র দেশে আজ ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনায় শ্রী কৃষ্ণের আবির্ভাব উৎসব জন্মাষ্টমী উৎসব পালিত হচ্ছে ।রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু জনষ্টমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন মন্দির আখড়া বাসগৃহ ইত্যাদিতে শ্রীকৃষ্ণের জনাষ্টমী উৎসব পালন করা হচ্ছে । এ উপলক্ষে বিভিন্ন স্থানে কৃষ্ণ সাজো ইত্যাদি প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

ধলাইর মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগীতায় আজ গ্রুপ ডির তৃতীয় খেলায়  আব্রা স্টীল ইসলামাবাদ এফ সি // আরহী স্টোর জামালপুর এফ সি  দলের মুখোমুখি হবে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায় টি এইচ বি আর্জানপুর এফ সি দল // ছোট শালগঙ্গা ( বি ) এফ সি কে ৩-২ গোলের  ব্যাবধানে পরাজিত করেছে ।

---------------------------------------------------------------------------------